গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা
(www.mof.gov.bd)

স্মারক নং-০৭.০০.০০০০.১৫৩.১৫.১৯৮.২২-৪২৭

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০৭ জুন ২০২২

বিষয়: জাতীয়করণকৃত মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মনোহরদী, নরসিংদী এর পদ সৃজন।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯২.৩৩.১৮৩.২২-১৪৫ তারিখ: ১৭/০৫/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জাতীয়করণকৃত মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মনোহরদী, নরসিংদী এর বেসরকারি আমলে কর্মরত শিক্ষক ও কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত ৩৩(তেত্রিশ)টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে নিম্নোক্ত শর্তে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলোঃ

| ক্র: নং | পদের নাম | বিষয় | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | স্কুল শাখা | | |
| ১. | প্রধান শিক্ষক | প্রশাসনিক | ০১(এক)টি | |
| ২. | সহকারী প্রধান শিক্ষক | প্রশাসনিক | ০১(এক)টি | |
| ৩. | সহকারী শিক্ষক | ভৌতবিজ্ঞান | ০১(এক)টি | |
| | | গণিত | ০২(দুই)টি | |
| | | বাংলা | ০২(দুই)টি | |
| | | ইসলাম ধর্ম | ০১(এক)টি | |
| | | হিন্দু ধর্ম | ০১(এক)টি | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রদত্ত শর্ত অনুযায়ী পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূণ্য হলে শূণ্য হওয়ার তারিখ থেকে পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। |
| | | কম্পিউটার শিক্ষা | ০১(এক)টি | |
| | | শারীরিক শিক্ষা | ০১(এক)টি | |
| | | জীব বিজ্ঞান | ০১(এক)টি | |
| | | কৃষি শিক্ষা | ০১(এক)টি | |
| | | সামাজিক বিজ্ঞান | ০৩(তিন)টি | |
| | | ইংরেজি | ০১(এক)টি | |
| ৪. | সহকারী গ্রন্থাগারিক | - | ০১(এক)টি | |
| ৫. | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | - | ০১(এক)টি | |
| ৬. | অফিস সহায়ক | - | ০২(দুই)টি | |
| | | উপমোট= | ২১(একুশ)টি | |
| | | ভোকেশনাল শাখা | | |
| ৭. | সহকারী শিক্ষক | টেকনিক্যাল | ০৮(আট)টি | |
| | | গণিত | ০১(এক)টি | |
| ৮. | কম্পিউটার ডেমোনেস্ট্রেটর | - | ০১(এক)টি | |
| ৯. | ল্যাব এ্যাসিস্ট্যান্ট | - | ০২(দুই)টি | |
| | | উপমোট= | ১২(বার)টি | |
| | | সর্বমোট= | ৩৩(তেত্রিশ)টি | |

তবে শর্ত থাকে যে,

(১) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে;
(২) পদগুলো সৃজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে;
(৩) অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক পদগুলোর বেতনস্কেল যাচাই/নির্ধারণ করতে হবে;
(৪) পদ সৃজন, সংরক্ষণ ও স্থায়ীকরণ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৯/১২/২০১০ তারিখের স্মারক নং-০৪.২২১.০২২.০০.০০.০২০. ২০১০-৮২ ও ০৩-০৫-২০০৩ তারিখের স্মারক নং মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০৩/২০১৪ তারিখের পরিপত্র নং ০৫.১৫২.০১৫.০২.০০.০১৭.২০১২-৬৮ এর নির্দেশাবলী অনুসরণ করতে হবে;
(৫) শিক্ষক কর্মচারীদের আত্তীকরণের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করতে হবে;
(৬) আত্তীকরণের লক্ষ্যে সৃজিত পদসমূহের ক্ষেত্রে জাতীয়করণের তারিখ অর্থাৎ ১১.১০.২০১৮ তারিখ হতে সৃজনের আদেশ কার্যকর হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতে

(৭) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(৮) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যাবতীয় আনুষ্ঠানিকতা পালনপূর্বক স্থায়ী/অস্থায়ী পদ সৃজনের ০৪ (চার) কপি জিও জারি করে জারিকৃত জিও তে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন গ্রহণ করতে হবে;

(৯) মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডইতে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেট করতে হবে;

(১০)'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮-তে উল্লিখিত সেবা তালিকার অন্তর্ভুক্ত পদসমূহে নিয়োগকৃত কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে পদ শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হয়ে যাবে। উক্ত সেবা অত্যাবশ্যক হলে 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১১) যে সব পদ বিদ্যমান নিয়োগবিধিতে নেই সে সকল পদ সংশ্লিষ্ট নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

(১২) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত সকল শর্ত পালন করতে হবে।

০৭/২৬/২২

(সৈয়দ আশরাফুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-২২৩৩৯০০৩৫

অতিরিক্ত সচিব
বাস্তবায়ন অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে।

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।